

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

.০৬.১৪২১ বঙ্গাব্দ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০১.২০১৩- ৭৪৬

তারিখঃ ২৬.০৯.২০১৪ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু, ডাঃ মোঃ আফজাল আহমেদ (কোড-১১১৫১৯), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোম্পানীগঞ্জ, সিলেট গত ১৮.০৭.২০০৫ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে ২১.০১.২০১৩ তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে সেহেতু এই অবসান ডাঃ মোঃ আফজাল আহমেদ (কোড-১১১৫১৯), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোম্পানীগঞ্জ, সিলেট এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১৯.০৭.২০১০ তারিখ হতে কার্যকর হবে।

এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হল।


(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০১.২০১৩- ৭৪৬/১ (২)

তারিখঃ ২৬.০৯.২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। উপ-সচিব (পার-২/পার-৩/পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। সিভিল সার্জন, সিলেট
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট
- ৯। ডাঃ মোঃ আফজাল আহমেদ (কোড-১১১৫১৯), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোম্পানীগঞ্জ, সিলেট (যোগাযোগ ঠিকানাঃ চয়ন-৪, চন্দন টোলা, পূর্ব দরগা গেইট, সিলেট)


(মোঃ মনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫১৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৪০.০২৭.০১.০০.০২৯.২০১৩- ৭৪৭

তারিখঃ ২৬.০৯.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ মুহম্মদ ইয়াছের আরোফাত (৪১৪৭৫), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাগাতিপাড়া, নাটোর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ২৬.০২.২০১৩ তারিখে ৪৫.১৪০.০২৭.০১.০০.০২৯.২০১৩-২২৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মুহম্মদ ইয়াছের আরোফাত (৪১৪৭৫), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাগাতিপাড়া, নাটোরকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৮.০৩.২০১২ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২৬.৯.১৪
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব


উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৪০.০২৭.০১.০০.০২৯.২০১৩- ৭৪৭/১৩৩

তারিখঃ ২৬.০৯.২০১৪

অনুলিপি জ্ঞাপন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপসচিব (পর-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিভিল সার্জন, নাটোর
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর
- ১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর
- ১১। ডাঃ মুহম্মদ ইয়াছের আরোফাত (৪১৪৭৫), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাগাতিপাড়া, নাটোর ((স্থায়ী ঠিকানাঃ- ৬৪০/১ উপ-শহর হাউজিং স্টেট, রাজশাহী-৬২০৩)


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৪- ৭৪২

তারিখঃ ১৬.০৯.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ রোকসানা আহমেদ (১০১১৯৪২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমাতে 'অসদাচরণ' ও 'বিনামূল্যে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০৮.০৬.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৪-৪৬৭নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৩.০৭.২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, প্রেষণে অধ্যয়নরত থাকা অবস্থায় তাঁকে বদলি করা হয় এবং উক্ত আদেশ সম্পর্কে তিনি অবহিত ছিলেন না। ফলে বদলি আদেশ প্রতিপালনেরও সুযোগ ছিল না। তিনি ডিপ্লোমা-ইন কার্ডিওলজী কোর্সে অধ্যয়নের জন্য স্মারক নং-৩১৭, তারিখঃ ২৪.০৯.২০১২ইং মোতাবেক গত ০১.০৭.২০১২ইং তারিখ হতে ৩০.০৬.২০১৩ইং তারিখ পর্যন্ত প্রেষণে বিএসএমএমইউ ঢাকায় কর্মরত ছিলেন। ডিপ্লোমা কোর্স ০২(দুই) বছর মেয়াদী হওয়ায় পরবর্তীতে তার আবেদনের প্রেক্ষিতে মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪৮, তারিখঃ ০৪.০৮.২০১৩ইং মোতাবেক ০১.০৭.২০১৩ইং তারিখ হতে ৩০.০৬.২০১৪ তারিখ আরো ০২(দুই) বছর প্রেষণের মেয়াদ বৃদ্ধি করা হয়।

এক্ষণে, সেহেতু, ডাঃ রোকসানা আহমেদ (১০১১৯৪২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৪- ৭৪২

তারিখঃ ১৬.০৯.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-২/৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। ডাঃ রোকসানা আহমেদ (১০১১৯৪২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা:


(মোঃ নূরুল হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৩.২০১৪-৭৫০

তারিখঃ ১৬.০৯.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মমতাজ মজিদ (৪৩৫৭৪), ইমারজেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, মাগুরা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ০৬.০৮.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৩.২০১৪-৬০৫নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৪.০৯.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, পারিবারিক কারণে গত ২৯.০৩.২০১২ তারিখ হতে ০৭.৪.২০১২ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। কিন্তু হৃদরোগে আক্রান্ত হওয়ায় ছুটি শেষে কর্মস্থলে যোগদান করা সম্ভব না হওয়ার বিষয়টি তিনি তাঁর কর্তৃপক্ষকে জানিয়ে ছিলেন। সুস্থ হয়ে ২১.০১.২০১৪ তারিখে তিনি কাজে যোগদান করেন। তাঁর অনুপস্থিতির জন্য তিনি ক্ষমা প্রার্থী।

এক্ষেণে, সেহেতু, ডাঃ মোঃ মমতাজ মজিদ (৪৩৫৭৪), ইমারজেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, মাগুরা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব


উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৩.২০১৪-৭৫০/১৬২

তারিখঃ ১৬.০৯.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৭। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, জেলা হাসপাতাল, মাগুরা
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মাগুরা
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। ডাঃ মোঃ মমতাজ মজিদ (৪৩৫৭৪), ইমারজেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, মাগুরা


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sastdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০২.২০১৩- ৭৫৫


তারিখঃ ২৩.০৯.২০১৪ খ্রিঃ

প্রজ্ঞাপন

ডাঃ মনজুর রশিদ চৌধুরী (৩১৩৬২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, (সংযুক্ত ইউরোলজী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ঢাকা) এর ১৭.০৯.২০১৪ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁহার চাকুরির ধারাবাহিকতা রক্ষার্থে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৩১.০৭.২০১৩ তারিখের প্রজ্ঞাপন নম্বর ৪৫.১৫০.০২৭.০১.০০.০০২.২০১৩-৬৭৪ এর দ্বিতীয় অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধন করা হইলঃ

“সাময়িক বরখাস্তকালীন সময় অর্থাৎ ০৮.০৬.১৯৯৪ তারিখ হইতে ১৮.০৪.১৯৯৯ তারিখ পর্যন্ত সময়কাল পূর্ণ চাকুরিকাল হিসাবে গণ্য হইবে।”

এ সংশোধনীর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হইল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০২.২০১৩- ৭৫৫/১ (৫)

তারিখঃ ২৩.০৯.২০১৪ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-১/পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল)
- ৮। ডাঃ মনজুর রশিদ চৌধুরী (৩১৩৬২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, (সংযুক্ত ইউরোলজী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা)


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd